গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
মাগুরা।

## মাগুরা জেলার ৬টি এলএসডিতে ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য শ্রম ও হস্তার্পণ ঠিকাদার নিয়োগের নিমিত্ত জেলা দরপত্র মূল্যায়ন কমিটির ৩য় সভার কার্য-বিবরণীঃ

সভাপতি : মনোতোষ কুমার মজুমদার
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারাপ্রাপ্ত), মাগুরা
স্থান : জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, মাগুরা
তারিখ : ১২/১০/২০২২ খ্রিঃ
সময় : সকাল ১১.০০ টা

**সভায় সম্মানীত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব বিষ্ণু পদ সাহা | অতিরিক্ত উপপরিচালক (পিপি), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাগুরা | স্বাক্ষরিত |
| ২ | জনাব এ, এস, এম মাহফুজুল আলম | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরী), খুলনা/মাগুরা | স্বাক্ষরিত |
| ৩ | জনাব মনোতোষ কুমার মজুমদার | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাগুরা সদর | স্বাক্ষরিত |
| ৪ | জনাব মোঃ হোসেন মাসুদ সরকার | উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, মাগুরা | স্বাক্ষরিত |
| ৫ | জনাব মোঃ ফসিয়ার রহমান | প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা | স্বাক্ষরিত |

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব তথা উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাগুরা সদর, মাগুরা জেলার ৬টি এলএসডিতে শ্রম ও হস্তার্পণ ঠিকাদার নিয়োগের বিষয়ে অদ্যকার আলোচনার বিষয়াবলী সভায় উপস্থিত সদস্যদের অবহিত করেন। অতপর তিনি সভায় উপস্থিত সদস্যদের আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বিভাগ, খুলনার ১৯/০৭/২০২২ খ্রিঃ তারিখের ১৭৫২ নং এবং ১১/০৮/২০২২ খ্রিঃ তারিখের ২০৬৪ নং এবং ২২/০৯/২০২২ খ্রিঃ তারিখের ২৬৮৬ স্মারকের নির্দেশাবলী সভায় পাঠ করে শুনান।

সদস্য সচিব সভাকে জানান যে, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বিভাগ, খুলনার ২২/০৯/২০২২ খ্রিঃ তারিখের ২৬৮৬ স্মারকে মাগুরা জেলার এলএসডিসমূহের ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য শ্রম ও হ্যান্ডলিং ঠিকাদার নিয়োগের নিমিত্ত মূল্যায়ন কমিটির ৩য় বার মূল্যায়ন করে অনুমোদনের জন্য পুনঃপ্রস্তাব প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

এছাড়া দরপত্র পুনঃ মূল্যায়ন কমিটির ২য় সভায় নিম্নবর্ণিত দরদাতাদেরকে Responsive বিবেচনা করে তাদের দাখিলকৃত আর্থিক প্রস্তাবের ভিত্তিতে কমিটি কর্তৃক নির্ধারণকৃত সংরক্ষিত মোট ন্যায্য দর এবং ২০২২-২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য অংশগ্রহণকারী দরপত্রদাতা কর্তৃক প্রদত্ত মোট দরের তুলনামূলক বিবরণী তেরী করা হয়। যার সারসংক্ষেপ নিম্নে প্রদত্ত হলোঃ

| ক্রঃ নং | এলএসডির নাম | দরপত্র দাতার নাম ও ঠিকানা | কমিটি কর্তৃক নির্ধারণকৃত সংরক্ষিত মোট ন্যায্য দর (টাকা) | ২০২২-২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য দরপত্রদাতা কর্তৃক প্রদত্ত মোট দর (টাকা) | সংরক্ষিত দর অপেক্ষা হ্রাস/ বৃদ্ধির মোট শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | মাগুরা সদর | মো: লোটাস রোজা, প্রো: মো: লোটাস রেজা, দৌলতপুর, খুলনা। | ১৪৬৮ | ১১৪৫ | (-) ২২% | ১ম সর্বনিম্ন দরদাতা |
| | | মুজিব এন্টারপ্রাইজ, প্রোঃ- সাহারা, বয়রা বাজার, খুলনা | | ১২৪৮ | (-) ১৫% | ২য় সর্বনিম্ন দরদাতা |
| | | লোটাস এন্টারপ্রাইজ, প্রোঃ-মো: সেলিম রেজা, দৌলতপুর, খুলনা। | | ১২৮৭ | (-) ১২.৩২% | ৩য় সর্বনিম্ন দরদাতা |
| | | ইমন এন্টারপ্রাইজ, প্রো-সাহারা পারভীন, দৌলতপুর, খুলনা | | ১৩৬৯ | (-) ৬.৭৪% | ৪র্থ সর্বনিম্ন দরদাতা |
| ২। | আলোকদিয়া | | ১৫২৩ | পুনঃ মূল্যায়নকালে কোন Responsive দরদাতা পাওয়া যায়নি | | |

চলমান পাতা-২

| ক্রঃ নং | এলএসডির নাম | দরপত্র দাতার নাম ও ঠিকানা | কমিটি কর্তৃক নির্ধারণকৃত সংরক্ষিত মোট ন্যায্য দর (টাকা) | ২০২২-২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য দরপত্রদাতা কর্তৃক প্রদত্ত মোট দর (টাকা) | সংরক্ষতি দর অপেক্ষা হ্রাস/ বৃদ্ধির মোট শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৩। | মহম্মদপুর | ইমন এন্টারপ্রাইজ, প্রো-সাহারা পারভীন, দৌলতপুর, খুলনা | ১৫১৭ | ১১৭৭ | (-) ২২.৪১% | ১ম সর্বনিম্ন দরদাতা |
| | | মুজিব এন্টারপ্রাইজ, প্রোঃ- সাহারা, বয়রা বাজার, খুলনা | | ১২৯৯ | (-) ১৪.৩৭% | ২য় সর্বনিম্ন দরদাতা |
| | | লোটাস এন্টারপ্রাইজ, প্রোঃ-মো: সেলিম রেজা, দৌলতপুর, খুলনা। | | ১৩১৭ | (-) ১৩.১৮% | ৩য় সর্বনিম্ন দরদাতা |
| | | মো: লোটাস রোজা, প্রো: মো: লোটাস রেজা, দৌলতপুর, খুলনা। | | ১৩৯৫ | (-) ৮.০৪% | ৪র্থ সর্বনিম্ন দরদাতা |
| ৪। | বিনোদপুর | ইমন এন্টারপ্রাইজ, প্রো-সাহারা পারভীন, দৌলতপুর, খুলনা | ১৫১৭ | ১১৭৭ | (-) ২২.৪১% | ১ম সর্বনিম্ন দরদাতা |
| | | মুজিব এন্টারপ্রাইজ, প্রোঃ- সাহারা, বয়রা বাজার, খুলনা | | ১২৯০ | (-) ১৪.৯৬% | ২য় সর্বনিম্ন দরদাতা |
| | | লোটাস এন্টারপ্রাইজ, প্রোঃ-মো: সেলিম রেজা, দৌলতপুর, খুলনা। | | ১৩১৭ | (-) ১৩.১৮% | ৩য় সর্বনিম্ন দরদাতা |
| | | মো: লোটাস রোজা, প্রো: মো: লোটাস রেজা, দৌলতপুর, খুলনা। | | ১৩৯৫ | (-) ৮.০৪% | ৪র্থ সর্বনিম্ন দরদাতা |
| ৫। | আড়পাড়া | ইমন এন্টারপ্রাইজ, প্রো-সাহারা পারভীন, দৌলতপুর, খুলনা | ১৪৯৯ | ১১৭৭ | (-) ২১.৪৮% | ১ম সর্বনিম্ন দরদাতা |
| | | মুজিব এন্টারপ্রাইজ, প্রোঃ- সাহারা, বয়রা বাজার, খুলনা | | ১৩০৫ | (-) ১২.৯৪% | ২য় সর্বনিম্ন দরদাতা |
| | | লোটাস এন্টারপ্রাইজ, প্রোঃ-মো: সেলিম রেজা, দৌলতপুর, খুলনা। | | ১৩১৭ | (-) ১২.১৪% | ৩য় সর্বনিম্ন দরদাতা |
| | | মো: লোটাস রোজা, প্রো: মো: লোটাস রেজা, দৌলতপুর, খুলনা। | | ১৩৯৫ | (-) ৬.৯৩% | ৪র্থ সর্বনিম্ন দরদাতা |
| ৬। | শ্রীপুর | ইমন এন্টারপ্রাইজ, প্রো-সাহারা পারভীন, দৌলতপুর, খুলনা | ১৫১৯ | ১১৭৭ | (-) ২২.৫১% | ১ম সর্বনিম্ন দরদাতা |
| | | মুজিব এন্টারপ্রাইজ, প্রোঃ- সাহারা, বয়রা বাজার, খুলনা | | ১৩০৫ | (-) ১৪.০৮% | ২য় সর্বনিম্ন দরদাতা |
| | | লোটাস এন্টারপ্রাইজ, প্রোঃ-মো: সেলিম রেজা, দৌলতপুর, খুলনা। | | ১৩১৭ | (-) ১৩.২৯% | ৩য় সর্বনিম্ন দরদাতা |
| | | মো: লোটাস রোজা, প্রো: মো: লোটাস রেজা, দৌলতপুর, খুলনা। | | ১৩৯৫ | (-) ৮.১৬% | ৪র্থ সর্বনিম্ন দরদাতা |

এ প্রসঙ্গে সদস্য সচিব বলেন ঠিকাদারের প্রস্তাবিত দরের গ্রহণযোগ্যতা যাচাই করার লক্ষ্যে ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরের প্রস্তাবিত নায্য/প্রাক্কলিত মূল্য নির্ধারণের জন্য ৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছিল। উক্ত কমিটি গোপনীয়ভাবে প্রতিবেদন দাখিল করেন। কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে বিগত ১৮/০৫/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দরপত্র মূল্যায়ন কমিটির প্রস্তুতিমূলক সভায় প্রস্তাবিত দরের আলোকে সংরক্ষিত দর নির্ধারণ ও অনুমোদন করা হয়। সম্মানীত সদস্য অতিরিক্ত উপপরিচালক (পিপি) কৃষি সম্প্রসারণ অফিসার, মাগুরা জনাব বিষ্ণু পদ সাহা বলেন গোপনীয় সংরক্ষিত ন্যায্য দর, ঠিকাদার কর্তৃক প্রস্তাবিত দরের সাথে যৌক্তিকতা যাচাই করা প্রয়োজন। সকল সদস্য এ বিষয়ে একমত পোষন করেন।

এ প্রসঙ্গে সভাপতি বলেন বিগত ৫/৬ অর্থ বছরের তুলনায় জীবন নির্বাহের প্রতিটি ক্ষেত্রেই ব্যয় অনেক বৃদ্ধি পেয়েছে। এছাড়া সংরক্ষত মূল্য নির্ধারণের সময় জ্বালানী তেলের মূল্য যা ছিল তা বর্তমানে বৃদ্ধি পাওয়ার কারণে প্রতিটি দ্রব্যমূল্যের অস্বাভাবিক দর বৃদ্ধি পেয়েছে। এর ফলে শ্রমিক মজুরী ও পরিবহন খাতে ব্যয়ও বৃদ্ধি পেয়েছে। সার্বিক অবস্থা বিবেচনায় কমিটি কর্তৃক নির্ধারণকৃত নায্য/প্রাক্কলিত দর উক্ত সময়ের জন্য যৌক্তিক ছিল। কিন্তু বর্তমান সময়ের জন্য যৌক্তিক নয় মর্মে প্রতীয়মান হচ্ছে। প্রাক্কলিত দরের আলোকে ঠিকাদার নিয়োগ করা হলে শ্রমিকদের ন্যায্য মূল্য পাওয়া থেকে বঞ্চিত করা হবে। এতে শ্রমিক অসন্তোষও দেখা দিতে পারে।

চলমান পাতা-৩

এ প্রসঙ্গে সভাপতি আরও বলেন যে, পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট কর্তৃক ০৯ ডিসেম্বর ২০২১ তারিখের ২১.০০.০০০০.৩৬৪.২২.০১১.২১-৭১ নং স্মারকে খাদ্য অধিদপ্তরের বিভিন্ন স্থাপনায় শ্রম ও হস্তার্পণ ঠিকাদার নিয়োগের জন্য প্রণীত Standard Tender Document (STD) সিপিটিইউ'র ভেটিং অনুমোদন প্রদান করা হয়। সেখানে বলা হয়েছে "পিপিআর ২০০৮ এর বিধি ৯৮(২৩) এ দরপত্র দাতা কর্তৃক উল্লেখযোগ্যভাবে নিম্নদরে দরপত্র দাখিল করার ক্ষেত্রে করণীয় উল্লেখ করা হয়েছে। এ ধরণের দরপত্রের ক্ষেত্রে দরপত্র মূল্যায়ন কমিটি বিধি ৯৮(৮) এর নির্দেশনানুযায়ী সংশ্লিষ্ট দরপত্রদাতার নিকট হতে ব্যাখ্যা আহ্বান করতে পারে এবং প্রদত্ত ব্যাখ্যা সন্তোষজনক মর্মে বিবেচিত না হলে বিধি ৯৮(২৩) এর বিধান অনুযায়ী দরপত্রটি গ্রহণযোগ্য নয় (Non-responsive) মর্মে বিবেচনা করা যেতে পারে। দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় অপেক্ষা অযৌক্তিকভাবে নিম্ন দরে দরপত্র দাখিল করার ক্ষেত্রে বিধি ৯৮(২৩)'র নির্দেশনা একটি আইনী বিধান এবং এরূপ পরিস্থিতিতে এটির প্রয়োগ বাধ্যতামূলক। আরো উল্লেখ্য যে, দরদাতা কর্তৃক উদ্ধৃত মজুরি আবশ্যিকভাবে দেশের প্রচলিত শ্রম আইন ও বিধিমালার সঙ্গে সমঞ্জস্যপূর্ণ হতে হবে। দরপত্র মূল্যায়নকালে দরপত্র মূল্যায়ন কমিটির নিকট দরপত্রদাতা কর্তৃক উদ্ধৃত মজুরি আইনানুযায়ী যথাযথ মর্মে প্রতীয়মান না হলে উক্ত দরপত্র বাতিলে সরকারি ক্রয় আইন ও বিধিতে (পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮) কোন বাধা নেই"।

আলোচনার এ পর্যায়ে জনাব বিষ্ণু পদ সাহা, অতিরিক্ত উপপরিচালক (পি.পি.), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাগুরা বলেন যে, ঠিকদার নিয়োগ কার্যক্রম অত্যন্ত সতর্কতার সাথে সম্পাদন করা প্রয়োজন। কোন বিষয়ে প্রশ্ন থেকে যায় বা পরবর্তী সময়ে কোন জটিলতার উদ্ভব হয় এমন বিষয়ে সুপারিশ করা থেকে বিরত থাকা দরকার। তিনি আরও বলেন যেহেতু মাগুরা জেলার ০৬ (ছয়) টি এলএসডি'র বিপরীতে ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য শ্রম ও হস্তাপর্ণ ঠিকাদার নিয়োগে অংশগ্রহণকারী কোন দরপত্রদাতার দর রিজার্ভ মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ নয় সেহেতু গত ২২/০৮/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জেলা দরপত্র মূল্যায়ন কমিটির ২য় সভায় গৃহীত সিদ্ধান্ত বলবৎ রাখা সমীচিন বলে তিনি অভিমত ব্যক্ত করেন। উক্ত প্রস্তাবের সাথে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

## সিদ্ধান্তসমূহঃ

১। গত ২২/০৮/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জেলা দরপত্র মূল্যায়ন কমিটির ২য় সভা সিদ্ধান্ত মোতাবেক মাগুরা জেলার ০৬ (ছয়) টি এলএসডি'র বিপরীতে ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য শ্রম ও হস্তাপর্ণ ঠিকাদার নিয়োগে অংশগ্রহণকারী দরপত্রদাতাদের দেয় দর রিজার্ভ মূল্যের তুলনায় কম হওয়ায় এবং বর্তমান বাজার মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ না হওয়ায় এবং দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় অপেক্ষা অযৌক্তিকভাবে নিম্নদর হওয়ায় পিপিআর ২০০৮ এর বিধি ৯৮(২৩)'র নির্দেশনা অনুযায়ী পুনঃ দরপত্রের মাধ্যমে ঠিকাদার নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো।

২। দরপত্র মূল্যায়ন কমিটির ৩য় সভার সিদ্ধান্ত নোটিশের মাধ্যমে অংশগ্রহণকারী দরপত্রদাতাগণকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মনোতোষ কুমার মজুমদার)
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
মাগুরা
ও
সভাপতি
জেলা দরপত্র কমিটি (খাদ্য), মাগুরা।

চলমান পাতা-৪

স্মারক নং-১৩.০১.৫৫০০.০০৬.৪৯.০০১.২২.৩৩৭(১২) তারিখঃ ১২/১০/২০২২ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১। মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। জেলা প্রশাসক, মাগুরা।
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বিভাগ, খুলনা।
৫। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাগুরা।
৬। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, মাগুরা।
৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মাগুরা।
৮। জনাব বিষ্ণু পদ সহা, অতিরিক্ত উপপরিচালক (পিপি), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাগুরা।
৯। জনাব হোসেন মাসুদ সরকার, উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, সড়ক ও জনপথ উপ-বিভাগ, মাগুরা।
১০। জনাব এ. এস. এম মাহফুজুল আলম, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরী), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা।
১১। জনাব মোঃ ফসিয়ার রহমান, প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা।
১২। দপ্তর নথি, এ কার্যালয়।

(মনোতোষ কুমার মজুমদার)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাগুরা সদর
ও
সদস্য-সচিব
জেলা দরপত্র কমিটি (খাদ্য), মাগুরা।